



## পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়  
রোড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড  
ঢাকা-১০০০

পসব্য/প্রকা/পরি-৯/২০১৯-২০২০/২৭৮৬

তারিখঃ ২৮/০৫/২০২০খ্রি.

শাখা ব্যবস্থাপক  
পল্লী সঞ্চয় ব্যাংক  
সকল শাখা

### বিষয় : পল্লী সঞ্চয় ব্যাংকের শাখাসমূহের কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য অধিদপ্তরের ১৩ মে ২০২০ তারিখের স্বারক নং স্বাঃ অধি/মহাপরিচালক/২০২০/কোভিড-১৯/৩২ এ উল্লেখিত সংশ্লিষ্ট ওয়েবসাইটে স্বাস্থ্য বিধিসমূহের পরিপূর্ণ পরিপালন নিশ্চিত করে বাংলাদেশ ব্যাংকের ২৮/০৫/২০২০ তারিখের ডিওএস সার্কুলার নং ১৮ (কপি সংযুক্ত) এর নির্দেশনা মোতাবেক ৩১/০৫/২০২০ তারিখ হতে পল্লী সঞ্চয় ব্যাংকের শাখাসমূহের স্বাভাবিক কার্যক্রম পরিচালনা করার জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত প্রদান করা হয়েছে।

স্বাস্থ্য অধিদপ্তর/সংশ্লিষ্ট প্রশাসন কর্তৃক ঘোষিত করোনভাইরাস সংক্রমিত মাঝারি ও উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকায় অবস্থিত ব্যাংক শাখাসমূহের দৈনিক ব্যাংকিং লেনদেনের সময়সূচি পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ২.৩০ ঘটিকা পর্যন্ত হবে। এ ক্ষেত্রে লেনদেন পরবর্তী আনুষ্ঠানিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট শাখা বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত খোলা রাখতে হবে। ঝুঁকিপূর্ণ এলাকা সম্পর্কিত সংশ্লিষ্ট স্থানীয় প্রশাসন/স্বাস্থ্য বিভাগের নির্দেশনামা প্রতি সপ্তাহের প্রথম কার্যদিবসে ছক 'ক' মোতাবেক [asysnethard@pallisanchaybank.gov.bd](mailto:asysnethard@pallisanchaybank.gov.bd) মেইলে প্রেরণপূর্বক জনাব ঠাকুর চান রায়, সহকারী সিস্টেম ইঞ্জিনিয়ার, মোবাইল নং ০১৯৫৮-৬০১৫০২ কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মচারী বিশেষ করে জুনিয়র অফিসার (মাঠ) ও মাঠ সহকারীদের কাজ মাঠ কেন্দ্রিক। তাদের কাজের জন্য নির্দিষ্ট কোন সময় নেই। তারা সামাজিক দূরত্ব বজায় রেখে স্বাস্থ্যবিধি মেনে যথানিয়মে কাজ করবেন। তাদের নিয়মিত কাজের পাশাপাশি এখন করোনা মহামারিজপিত পরিস্থিতিতে যে সকল ঋণ গ্রহীতা প্রকৃত পক্ষে ক্ষতিগ্রস্ত হয়েছেন এবং তাদেরকে আরো কিছু ঋণ সহায়তা প্রদান করা হলে তারা ক্ষতি কাটিয়ে উঠতে পারবেন এমন ঋণ গ্রহীতা সদস্যদের তালিকা এবং যে সকল সদস্য পূর্বে ঋণ নেননি কিন্তু এখন কর্মসূজনের লক্ষ্যে আয়বর্ধক কাজে বিনিয়োগ করতে অগ্রহী এমন সদস্যদের তালিকা জরুরিভিত্তিতে প্রণয়ন করবেন। মাঠ সহকারী তালিকা তৈরী করে জুনিয়র অফিসার (মাঠ) কে প্রদান করবেন। জুনিয়র অফিসার (মাঠ) সরেজমিনে সদস্যদের বাড়ি পরিদর্শন এবং অগ্রহী সদস্যদের সাথে আলোচনা করে দাখিলকৃত তালিকা শাখা ব্যবস্থাপকের নিকট জমা প্রদান করবেন। প্রতি শাখা হতে উক্ত তালিকা আগামী ১৫/০৬/২০২০ তারিখের মধ্যে জেলা কার্যালয়ে প্রেরণ করবেন এবং জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আগামী ১৭/০৬/২০২০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।

অফিসের কর্মপরিবেশে সামাজিক দূরত্ব বজায় রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে। ঝুঁকিপূর্ণ ব্যক্তি, অসুস্থ কর্মকর্তা/কর্মচারী এবং সন্তান সম্ভাবনা নারীগণকে কর্মস্থলে উপস্থিত হতে বিরত রাখার ব্যবস্থা করতে হবে। তাদের তালিকা প্রতি সপ্তাহের প্রথম কার্যদিবসে ছক 'খ' মোতাবেক উপরোক্ত ই-মেইলে প্রেরণপূর্বক মোবাইলে নিশ্চিত করতে হবে।

আদেশক্রমে,

(মোঃ ইসমাইল মিয়া)  
সহকারী মহাব্যবস্থাপক  
পল্লী সঞ্চয় ব্যাংক

অনুলিপি সদয় অবগতির জন্য-

- ১। চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৩। উপব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৪। মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৫। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক/জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প (সকল)।
- ৬। নথি।